



ইসরায়েলে দেশব্যাপী বিক্ষোভ: গাজায় যুদ্ধবিরতি ও জিম্মি মুক্তির দাবি



সংগৃহীত ছবি

গাজা যুদ্ধ বন্ধ ও হামাসের হাতে আটক ইসরায়েলি জিম্মিদের মুক্তির দাবিতে দেশজুড়ে ধর্মঘট এবং তেলআবিবসহ বিভিন্ন শহরে বিক্ষোভে উত্তাল হয়ে উঠেছে ইসরায়েল। শুধু রাজধানী তেলআবিবেই প্রায় পাঁচ লাখ মানুষ যোগ দেয় এক বিশাল সমাবেশে। বিক্ষোভকারীদের মিছিল প্রধানমন্ত্রীর বাসভবনের দিকে অগ্রসর হলে আটক হন অন্তত ৪০ জন।

গাজা ইস্যুতে ইসরায়েলের বিভিন্ন শহরে ব্যাপক গণবিক্ষোভ হয়েছে। নেতানিয়াহু প্রশাসনের নীতির বিরুদ্ধে রবিবার (১৭ আগস্ট) সকাল থেকে ধর্মঘট পালিত হয় দেশজুড়ে। রাজধানী তেলআবিবের হোস্টেজ স্কোয়ারে আয়োজিত প্রতিবাদ সমাবেশে প্রায় ৫ লাখ মানুষ অংশ নেন।

‘অক্টোবর কাউন্সিল’ নামের সংগঠনের আহ্বানে সব শ্রেণি-পেশার মানুষ ইসরায়েলি পতাকা ও জিম্মিদের ছবি হাতে নিয়ে বিক্ষোভে যোগ দেন। তারা হামাসের হাতে আটক জিম্মিদের মুক্তি এবং গাজায় চলমান সামরিক অভিযান বন্ধের দাবি জানান। এ সময় মিছিলকারীরা মূল সড়ক অবরোধ করে প্লোগান দিতে থাকেন। অফিস, শিক্ষা প্রতিষ্ঠানসহ বহু জায়গায় কার্যক্রম বন্ধ থাকে।

বিক্ষোভকারীরা প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বাসভবনের দিকে অগ্রসর হলে নিরাপত্তা বাহিনী তাদের বাধা দেয়। এসময় অন্তত ৪০ জনকে আটক করা হয়। শুধু তেলআবিব নয়, জেরুজালেম, হাইফা এবং আরও প্রায় ৩০০ স্থানে প্রতিবাদ ছড়িয়ে পড়ে।

উল্লেখ্য, ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের হামলার মধ্য দিয়ে শুরু হওয়া গাজা যুদ্ধের ফলে এখন পর্যন্ত ৬১ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে জানায় হামাস-নিয়ন্ত্রিত গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়। জাতিসংঘও এই পরিসংখ্যানকে নির্ভরযোগ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে। সংস্থাটির মতে, গাজার প্রায় ৯০ শতাংশ মানুষ বাস্তুচ্যুত হয়ে পড়েছে এবং সেখানে মারাত্মক খাদ্যসংকট ও অপুষ্টি বিরাজ করছে।